

## সেকশন ১

সেকশন ১: বিভাগীয় দপ্তরের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

সেকশন ১: বিভাগীয় দপ্তরের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision): দেশের অভ্যন্তরে শিক্ষার সকল স্তরে বিশ্বমানের শিক্ষা নিশ্চিত করা।

অভিলক্ষ্য (Mission): জাতীয় লক্ষ্য ও উদ্দেশ্যের পরিপূরক আধুনিক প্রযুক্তিনির্ভর, সমতাভিত্তিক, নৈতিকতাসমৃদ্ধ ও দেশপ্রেমিক দক্ষ জনশক্তি তৈরি।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

১. অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্যসমূহ:

১. শিক্ষার গুণগত মানোন্নয়ন
২. শিক্ষা প্রশাসনের সক্ষমতা, স্বচ্ছতা এবং দক্ষতা বৃদ্ধি ও কায মনিটরিং
৩. শিক্ষার সর্বক্ষেত্রে মান ও সমতা নিশ্চিতকরণ

২. আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ:

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন
২. কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন
৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৪. তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ
৫. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

১.৪ কার্যাবলি (Functions):

- জাতীয় শিক্ষানীতির আলোকে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কার্যক্রম বাস্তবায়ন ও নীতিমালা প্রস্তুতকরণে সহায়তা দান
- মাধ্যমিক থেকে উচ্চ শিক্ষা পর্যন্ত (বিশ্ববিদ্যালয় ব্যতীত) শিক্ষা কার্যক্রম পরিচালনা, বাস্তবায়ন ও তদারকি
- শিক্ষার সম্প্রসারণ ও উন্নয়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ
- শিক্ষার মানোন্নয়নে ভবিষ্যৎ কর্মকৌশল নির্ধারণ
- দক্ষ মানব সম্পদ গড়ে তোলার লক্ষ্যে প্রশিক্ষণ পরিকল্পনা বাস্তবায়ন
- শিক্ষা প্রতিষ্ঠানের একাডেমিক কার্যাবলি ও ব্যবস্থাপনা তদারকীকরণ, শিক্ষার মান উন্নয়নের জন্য সকল স্তরের শিক্ষকদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ
- শিক্ষা সংশ্লিষ্ট কার্যক্রমে সরকারি বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সঙ্গে যোগাযোগ রক্ষা ও নির্দেশিত বিবিধ কাজের সাথে সকল শিক্ষা প্রতিষ্ঠানের সাথে সমন্বয় পূর্বক বাস্তবায়ন নিশ্চিত করা
- শিক্ষামন্ত্রণালয়/মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর হতে প্রাপ্ত ও বিবিধ প্রকল্প/ প্রোগ্রাম হতে প্রাপ্ত অর্থ যথারীতি খরচপূর্বক কার্যাবলী সম্পাদন/বাস্তবায়ন।